# সিলেট বোর্ড, ২০১৬

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড : | 1 | 0 | 1 |

## সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ২০ মিনিট　　　　　　　　　　মান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতি বিভাগ থেকে কমপক্ষে একটি করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ সাকিবের বাসা বাদুরতলায়। সে প্রতি শুক্রবার রাতে মোবাইলে ভূতের গল্প শোনে। একদিন রাতে সে ঘুমিয়েছিল। হঠাৎ গল্পের ঐ ভূতের কথা মনে পড়ে ঘুম ভেঙে গেল এবং অনুভব করল কে যেন বাসার পাশে হাঁটছে। কৌতূহলবশত সাকিব মাঝরাতে বারান্দায় বের হলো এবং আবছা আলোয় দেখতে পেল, সাদা ধবধবে পোশাক পরা কে যেন হাঁটছে। একটু দূরে যাওয়ার পর তা বিলীন হয়ে গেল। সাকিব ভূত মনে করে ভয়ে কাঁপতে লাগল এবং দৌড়ে বাসার ভিতরে চলে এসে আব্বু আম্মু বলে হাউমাউ করে চিৎকার দিয়ে বাবামাকে জড়িয়ে ধরে। রাতে ঘটে যাওয়া পুরো ঘটনা শুনে সাকিবের আব্বু বললেন, আরে বোকা এটাতো বাড়িওয়ালার নতুন নিয়োগ পাওয়া নৈশপ্রহরী। সাকিব ব্যাপারটা বুঝতে পেরে শান্ত হলো।

ক. 'ভূত' শব্দের অর্থ কী? ১
খ. নগেন প্রায় তার মামাকে যমের বাড়ি পাঠাত কেন? ২
গ. সাকিবের মাঝে নগেনের কী সাদৃশ্য পাওয়া যায় ব্যাখ্যা কর। ৩
ঘ. "সাকিবের বাবা ও 'তৈলচিত্রের ভূত' গল্পের পরাশর ডাক্তার আধুনিক মানসিকতাসম্পন্ন।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ উদ্দীপক-১ :
স্বার্থমগ্ন যেজন বিমুখ বৃহৎ হতে
সে কখনো শেখেনি বাঁচিতে।
উদ্দীপক-২ :
পরের কারণে স্বার্থ দিয়ে বলি ও জীবন মন সকলি দাও
তার মত সুখ কোথাও কি আছে আপনার কথা ভুলিয়া যাও।

ক. মানুষ এবং প্রাণী অমর নয়— উক্তিটি কার? ১
খ. সবাই অসুখী, কারও সুখ নেই— 'সুখী মানুষ' নাটিকায় কেন একথা বলা হয়েছে? ২
গ. উদ্দীপক-১ এর ভাবার্থ 'সুখী মানুষ' নাটিকায় কোন চরিত্রের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মোড়ল যদি উদ্দীপক-২ এর শিক্ষা গ্রহণ করত তাহলে তার জন্য সুখী মানুষের জামার প্রয়োজন হতো না।"— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৩ ▸ এই বাংলায় শুনেছি আমরা সকল করিয়া ত্যাগ,
সন্ন্যাসী বেশে দেশ-বন্ধুর-শান্ত-মধুর ডাক।
শুনেছি আমরা গান্ধীর বাণী জীবন করিয়া দান,
মিলাতে পারিনি প্রেম-বন্ধনে হিন্দু মুসলমান।
তারা যা পারেনি তুমি তা করেছ, ধর্মে ধর্মে আর,
জাতিতে জাতিতে ভুলিয়াছে ভেদ সন্তান বাংলার।
তোমার হুকুমে রেল-জাহাজের চাকা চলেনি যে আর।

ক. ব্যারাক কী? ১

http://teachingbd.com

খ. 'আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি'— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটি 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' প্রবন্ধের সাথে কতটুকু সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' প্রবন্ধের বৈসাদৃশ্য কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## খ অংশ—পদ্য

৪ ▸ আজকে সকালে এই গ্রাম দেখে পলক পড়ে না চোখে
নদীর কিনারে, ঘন বনের ধারে অমাবস্যার দিঘির পাড়ে
আম, জাম, কাঁঠালের মিনারে মিনারে
ধান খেত ঘেরা সীমাহীন মাঠে মাঠে।
এই সব ছোট ছোট গ্রাম,
আমার দেশের নাম খোদা তার সোনার ফলকে।

ক. রাঙা মেঘ সাঁতরায়ে কে নীড়ে ফিরছে? ১
খ. সারাদিন কেটে যাবে কলমির গন্ধভরা জলে ভেসে ভেসে—চরণটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে ফুটে উঠা প্রাকৃতিক সৌন্দর্যের সাথে 'আবার আসিব ফিরে' কবিতাটির মিল দেখাও। ৩
ঘ. "উদ্দীপকটি 'আবার আসিব ফিরে' কবিতাটির মূলভাবের সম্পূর্ণ প্রতিনিধিত্ব করে না"— বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জন্ম আমার ধন্য হলো মাগো
এমন করে আকুল হয়ে, আমায় তুমি ডাকো
তোমার কথায় হাসতে পারি
তোমার কথায় কাঁদতে পারি
মরতে পারি তোমার বুকে,
বুকে যদি রাখো মাগো।

ক. বাংলা ভাষায় প্রথম মহাকাব্যের নাম কী? ১
খ. রেখো, মা, দাসেরে মনে— বলতে কী বুঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'বঙ্গভূমির প্রতি' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'বঙ্গভূমির প্রতি' কবিতা রচনার পেছনে একই চেতনা কাজ করেছে"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ এই নদী বন মাঠ ঘেরা সবুজ উদ্যান
সুশোভিত ফলমূল পত্রপল্লব।
পাখির কলগান, রাখালিয়া সুর।
দিগন্তজোড়া ফসলের মাঠ হাতছানি দিয়ে ডাকে,
সে আমার জন্মভূমি প্রিয় বাংলাদেশ।

ক. বনের লিপি কীসের বুনোট করা? ১
খ. "শরৎকালের শিশির সেথা জ্বালায় মানিক আলো"— বলতে কী বুঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সাথে 'দেশ' কবিতার সাদৃশ্য কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'দেশ' কবিতার মূলভাব একই সূত্রে গাঁথা— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## গ অংশ—সহপাঠ

৭ ▸ বিশ্ববিখ্যাত লেখক জুলভার্ন তার 'নোঙর ছেঁড়া' উপন্যাসে দেখিয়েছেন চৌদ্দজন লোক কেমন করে এক নির্জন দ্বীপে পৌঁছাল। কেমন করে তারা সেই নির্জন দ্বীপে বেঁচে থাকার পরিবেশ তৈরি করল। জাহাজের নোঙর ছিঁড়ে তারা ভাসতে ভাসতে এক অজানা দ্বীপে আসে, সেখানে না ছিল কোনো ঘরবাড়ি না ছিল খাবার-দাবার। প্রকৃতি থেকে সব উপাদান সংগ্রহ করে তারা জীবনধারণের উপযোগী পরিবেশ তৈরি করে।

ক. রবিনসন বন্দি লোকটির কী নাম রেখেছিলেন? ১

খ. রবিনসন অজানা দ্বীপে তারিখের হিসাব রেখেছিলেন কীভাবে? ২

গ. উদ্দীপক ও 'রবিনসন ক্রুশো' গল্পটি আমাদের কোন বিষয়ে উদ্বুদ্ধ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত লোকদের প্রতিকূল পরিবেশে বেঁচে থাকার লড়াই 'রবিনসন ক্রুশো' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ ১৯৯১ খ্রিস্টাব্দের ২৯ এপ্রিল এক মহাপ্রলয়ঙ্করী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে বাঁশখালী প্রায় জনশূন্য হয়ে পড়ে। সে ঘূর্ণিঝড়ের থাবায় ভেসে শহিদ গিয়ে পৌঁছল এক অজানা অচেনা নির্জন জায়গায়। সেখান থেকে প্রায় এক যুগ পরে নিজ এলাকায় ফিরে আসে। প্রতিবেশী অনেকেই তাকে চিনতে পারেনি। তার কাছে সবকিছু যেন অচেনা মনে হলো। আগের মতো ঘরবাড়ি, রাস্তাঘাট, হাটবাজার এমনকি মানুষের জীবনযাত্রায় কোনো মিল নেই। এক যুগ পরে এলাকায় ফিরলেও সে মনে মনে ভাবল—এ সামান্য সময়ের মধ্যে এত কিছুর পরিবর্তন হয়ে গেল। তবে দীর্ঘদিন পরে হলেও তাকে ফিরে পেয়ে বাড়ির সকলে আনন্দে আত্মহারা।

ক. ভ্যান বুশেল-এর পেশা কী ছিল? ১

খ. রিপভ্যানকে প্রায়ই তার স্ত্রীর চোখ রাঙানি সহ্য করতে হতো কেন? ২

গ. উদ্দীপকের ঘটনাটির সাথে রিপভ্যান উইংকল গল্পের সাদৃশ্যপূর্ণ ঘটনাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. শহিদ ও রিপভ্যান দু'জনেই নিজ বাড়িতে ফিরে এসে বিপরীতমুখী বাস্তবতার সম্মুখীন হয়েছিল— মন্তব্যটির সত্যতা নিরূপণ কর। ৪

৯ ▸ জমি আবাদের জন্য সরলপ্রাণ মামুন তার গ্রামের মোড়ল গনি মিয়ার কাছ থেকে একটি জমি বন্ধক রেখে দশ হাজার টাকা ধার নেয়। ধার নেওয়ার সময় মোড়ল গনি মিয়া মামুনের কাছ থেকে সাদা স্ট্যাম্পে স্বাক্ষর নেয়। সেই স্বাক্ষরিত সাদা স্ট্যাম্পে নিজের মনের মতো করে শর্ত লিখে মামুনকে ধোঁকা দেয়। দুই বছর পর মামুন ঐ টাকা ফেরত দিতে গেলে সে টাকা গ্রহণ না করে বলে 'তুমি তো ঐ জমিটা আমার নিকট পঞ্চাশ হাজার টাকায় বিক্রি করেছ'। এতে নিরুপায় হয়ে মামুন আইনের আশ্রয় নেয়।

ক. আরাগনের যুবরাজ কোন পেটিকা পছন্দ করল? ১

খ. 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের শেষাংশে উচ্চ হাসির রোল পড়ল কেন? ২

গ. 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের শাইলক চরিত্রের সঙ্গে উদ্দীপকের মোড়ল গনি মিয়ার চরিত্রের কী মিল খুঁজে পাওয়া যায় বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের মামুন 'দুই বিঘা জমি' কবিতায় উপেন চরিত্রের প্রতিচ্ছবি"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# সিলেট বোর্ড, ২০১৬

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড : 1 0 1

সময়—৪০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. **প্রাচীরের ধারে কোন গাছটি ছিল?**
ক হিজল খ জারুল
গ ইউক্যালিপটাস ঘ পাইন

২. **বাংলার সঙ্গে আসামি ও ওড়িয়া ভাষার খুব ঘনিষ্ঠ সম্পর্ক কেন?**
ক তিনটি ভাষা কাছাকাছি এলাকায় বলে
খ পূর্ব মাগধী অপভ্রংশ থেকে উদ্ভূত হয়েছে বলে
গ বেদ থেকে তিনটি ভাষা উদ্ভূত হয়েছে বলে
ঘ তিনটি ভাষার নীতিমালা একই রকম বলে

৩. **'কোথায় এমন খেলে তড়িৎ এমন কালো মেঘ'— এ পঙক্তির সঙ্গে 'দেশ' কবিতার কোন চরণের সাদৃশ্য রয়েছে?**
ক রবির আলো খণ্ড হয়ে নাচছে পায়ে তার
খ কত মিনার-সৌধ চূড়ার কোল ঘেঁষিয়ে যায়
গ বুনো হাতির দল এসেছে আকাশখানি ছেড়ে
ঘ সাদা সাদা বক-কনেরা রচে সেথায় মালা

৪. **কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী কিসের বিক্ষোভে নাগিনী কাল বোশেখিদের জাগতে বলেছেন?**
ক বুদ্ধিজীবী হত্যার খ নারী হত্যার
গ শিশু হত্যার ঘ কিশোর হত্যার

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
আকুল পরান আকাশে চাহিয়া উল্লাসে কারে যাচেরে
হৃদয় আমার নাচে রে আজিকে ময়ূরের মতো নাচে রে।

৫. **উদ্দীপকের সাথে ভাবগত মিল রয়েছে কোন চরণে?**
ক আমারে চেনো না? আমি যে কানাই। ছোকানু আমার বোন
খ যত দোষ সব আমার—না, আমি একা নেবো মাথা পেতে
গ তোমার সঙ্গে বেড়াবো আমরা মেঘনা, পদ্মা, শোন
ঘ দুপুরের রোদে ঝলমল জল বয়ে যায় ছলোছলো

৬. **উক্ত মিলের মধ্যে যে আবেগটি ফুটে উঠেছে তা হলো—**
i. মনের গভীর স্বপ্ন
ii. হৃদয়ের স্বপ্ন
iii. বোনের জন্য ভাইয়ের আকুলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৭. **আলী কোজাই কলসিটির মুখ কী দিয়ে ঢেকে রাখে?**
ক আপেল খ জলপাই গ বরই ঘ জামরুল

৮. **সৈনিক মিলস হেনেডেনের পুরানো চাকরের নাম কী?**
ক হিউগ খ এন্ড্রু গ এডিথ ঘ হার্টফোর্ড

৯. **রিপ ভীত হয়ে পড়েছিল কেন?**
ক মদ পান করছে বলে
খ স্ত্রীর কথা মনে হওয়াতে
গ অদ্ভুত লোকদের অদ্ভুত আচরণে
ঘ একা একটি উপত্যকায় গিয়েছিল বলে

১০. **বিশ্বামিত্র রাজা দশরথের কাছে রামকে চেয়েছিলেন কেন?**
ক যজ্ঞ নির্বিঘ্নে করার জন্য খ রাজ্য জয় করার জন্য
গ সীতাকে বিয়ে দেওয়ার জন্য
ঘ বনবাসে পাঠানোর জন্য

১১. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে জাতিসংঘে প্রথম বাংলায় ভাষণ দেন?**
ক ১৯৭১ খ ১৯৭২ গ ১৯৭৩ ঘ ১৯৭৪

১২. **নন্দনতত্ত্ব মানে কী?**
ক বিশ্লেষণ খ উপলব্ধি
গ বিশ্লেষণ ও উপলব্ধি ঘ সংশ্লেষণ

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলা স্যার বলেন প্রতিটি বাঙালির কর্মশক্তি থাকা একান্ত প্রয়োজন। তিনি বলেন বাংলার আকাশ নিত্য প্রসন্ন। এ ছাড়া বাংলার বাতাস, পানি প্রতিটি জিনিসই শুদ্ধতায় পূর্ণ। বাংলার মাটি এতই উর্বর যে বাঙালিকে বিলাসী জাতিতে পরিণত করেছে।

১৩. **উদ্দীপকের বিষয়টি কোন রচনায় প্রতিফলিত হয়েছে?**
ক পড়ে পাওয়া খ বাঙালির বাংলা
গ বাংলা নববর্ষ ঘ আমাদের লোকশিল্প

১৪. **উক্ত রচনা ও উদ্দীপকটির তাৎপর্য হলো—**
i. বাংলার সমৃদ্ধির বর্ণনা
ii. সংস্কৃতিকে বিশ্বের কাছে তুলে ধরা
iii. বাঙালির সোনালি অতীত ও প্রকৃতি
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

১৫. **পূর্ণিমার তিথিতে যে পক্ষের অবসান হয় তাকে কী বলে?**
ক অমাবস্যা খ অমানিশা গ শুক্লপক্ষ ঘ কৃষ্ণপক্ষ

১৬. **শুধু প্রয়োজন মিটলেই মানুষ খুশি হয় না কেন?**
ক মানুষ বিলাসিতার আশা করে
খ মানুষের মন সুন্দরের প্রত্যাশী
গ মানুষের মন উচ্চাকাঙ্ক্ষী বলে
ঘ মানুষের প্রবৃত্তি এমনই

১৭. **'সুখী মানুষ' নাটিকার হাসু কেন মোড়লের মৃত্যু কামনা করে?**
i. মোড়ল অত্যাচারী ও পাপী
ii. মোড়ল হাসুর মুরগি জবাই করে খেয়েছে
iii. মোড়লের হাতে হাসু মার খেয়েছে বলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **"আজ আর প্রকৃতির দিকে তাকিয়ে সবুজ-শ্যামলিমা চোখে পড়ে না। কৃষক বৃষ্টির জন্য হা হুতাশ করে।" উদ্দীপকের পরিস্থিতি থেকে মুক্তির ইঙ্গিত রয়েছে কোন কবিতায়?**
ক দেশ খ নদীর স্বপ্ন
গ জাগো তবে অরণ্য কন্যারা
ঘ আবার আসিব ফিরে

http://teachingbd.com

১৯. শিকা-কে মানুষ বিশেষ শিল্পবস্তুতে পরিণত করেছে কীভাবে?
(ক) নানা নকশা জুড়ে দিয়ে (খ) নানা নাম জুড়ে দিয়ে
(গ) নানা আকৃতি জুড়ে দিয়ে
(ঘ) প্রয়োজন মিটিয়ে

২০. নগেনের তৈলচিত্রটিকে প্রেতাত্মা মনে করার কারণ কী?
(ক) প্রাচীন ধ্যানধারণা (খ) আধুনিক ধ্যানধারণা
(গ) বুদ্ধির অপ্রতুলতা (ঘ) জ্ঞানের গভীরতা

২১. কোন গাছের নিচে মিয়ানমারের তরুণী নুডলস বিক্রি করছিল?
(ক) শিরীষ গাছ (খ) তেঁতুল গাছ
(গ) নারকেল গাছ (ঘ) বটগাছ

২২. খ্রিস্টপূর্ব ৪০০ অব্দের আগে ব্যাকরণবিদদের সৃষ্ট মানসম্পন্ন ভাষা কোনটি?
(ক) পালি (খ) সংস্কৃত (গ) বাংলা (ঘ) হিন্দি

২৩. নিলাজ কুলটা ভূমি!— একানে নিলাজ কুলটা কোনটি?
(ক) ভূস্বামী (খ) উপেন
(গ) ভিটেমাটি (ঘ) মালি

২৪. সুকান্ত ভট্টাচার্যের পৈতৃক নিবাস কোথায়?
(ক) গোপালগঞ্জের কাশিয়ানিতে
(খ) যশোরের সাগরদাঁড়িতে
(গ) গোপালগঞ্জের কোটালিপাড়ায়
(ঘ) কুমারখালির শিলাইদহে

২৫. 'একুশের গান' কবিতায় পশু কথাটি উল্লেখ করা হয়েছে যে কারণে—
i. পশুর মতো মানুষ হত্যা করছে বলে
ii. মানুষ পশুর মতো আচরণ নকল করছে বলে
iii. মানুষ হত্যাকারীদের স্বভাব পশুর মতো বলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. এক রবিনসনের দোসর হয়েছিল কে?
(ক) ফ্রাইডে (খ) ইয়ারমাউথ
(গ) এক স্প্যানিশ (ঘ) এক পর্তুগিজ

২৭. ঘোড়ার খুরের দাগ অনুসরণ করে রোস্তম কোন শহরে গিয়েছিলেন?
(ক) মাজেন্দ্রান (খ) সামেনগান
(গ) জাবুলিস্তান (ঘ) তুরান

২৮. 'নদীর স্বপ্ন' কবিতায় পদ্মার রাজা কে?
(ক) কানাই (খ) ছোকানু (গ) মাঝি (ঘ) কবি

২৯. মাইকেল মধুসূদন দত্ত চিরস্মরণীয় হয়েছে প্রধানত—
(ক) পত্রকাব্য রচনা করে (খ) মহাকাব্য রচনা করে
(গ) গীতকাব্য রচনা করে (ঘ) নাটক রচনা করে

৩০. 'মরিবার মতো ঠাঁই' বলতে কবি বুঝিয়েছেন—
(ক) নিজের শেষ অবস্থা (খ) আশ্রয়ের শেষস্থল
(গ) দয়া করার প্রবণতা (ঘ) একটি মৃত্যুর স্থান

৩১. সবুজ হাওয়ায় দুলছে ও কার এলো মাথার কেশ— এখানে "সবুজ হাওয়া" বলতে কবি কী বুঝিয়েছেন?
(ক) শস্যের দোলায়মান সবুজ ডগা
(খ) সমৃদ্ধির দিগন্তবিস্তৃত ধানক্ষেত
(গ) গ্রামবাংলার ফসলের প্রাচুর্যের নির্যাস
(ঘ) সবুজ খেতের ওপর বয়ে যাওয়া বাতাস

৩২. 'একুশের গান' কবিতার মাধ্যমে কবি আমাদের কোন চেতনাটি স্মরণ করিয়ে দিয়েছেন?
i. ভাষার দাবি প্রতিষ্ঠা
ii. ভাষাশহিদের স্মরণ
iii. আত্মত্যাগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৩. 'পরেশ তোমার মামার উপযুক্ত ছেলেই বটে' — পরাশর ডাক্তারের এ কথায় রয়েছে—
i. উপহাস ii. তাচ্ছিল্য
iii. প্রতিহিংসা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৪. 'মধুহীন করো নাগো'-- এই চরণে প্রকাশ পেয়েছে কবির হৃদয়ের—
i. প্রণতি
ii. আত্মনিবেদন
iii. একাগ্রতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৫. "পাছে লোকে কিছু বলে" এমন মনোভাব মানুষকে কী বলে?
(ক) ব্যথিত করে (খ) সমালোচিত করে
(গ) সংশয়ে ফেলে (ঘ) গুরুত্বহীন করে

৩৬. হরিনাম সংকীর্তন করে যে জীবিকা অর্জন করে তাকে কী বলে?
(ক) সন্ন্যাসী (খ) বৈদ্য
(গ) বোস্টম (ঘ) কাপালি

■ নিচের উদ্দীপকটি পড়ে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও :
রহিম মাঝি আকাশে ঘনকালো মেঘ দেখে অনেক মাছ পাওয়ার আশায় বঙ্গোপসাগরের গভীরে নৌকা ভাসায়। কিন্তু মাছ নিয়ে তার আর ফেরা হয়নি।

৩৭. উদ্দীপকের রহিম মাঝি 'সাড়ে তিন হাত জমি' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?
(ক) স্টার্সিনা (খ) মহাজন
(গ) ওভারশিয়ার (ঘ) পাখোম

৩৮. উক্ত চরিত্রে প্রকাশ পেয়েছে—
i. লোভ
ii. স্বার্থচিন্তা
iii. দায়বদ্ধতা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) iii (ঘ) i ও ii

৩৯. 'মার্চেন্ট অব ভেনিস' গল্পে ফুটে উঠেছে—
i. হিংসার পরাজয়
ii. মানবিকতার জয়
iii. রক্ষণশীলতার পরাজয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. রোস্তম সোহরাবকে 'মূষিক প্রবর' বলায় প্রকাশ পেয়েছে—
(ক) ঘৃণা (খ) বীরত্ব
(গ) ক্রোধ (ঘ) ব্যঙ্গ-বিদ্রূপ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com